Coral grows on oyster shell / ঝিনুকের খোলসের উপর প্রবালের জন্ম

BIVALVE / ঝিনুক



সবুজ ঝিনুক / *Perna viridis*
Asian green mussel



Perna viridis
Asian green mussel / সবুজ ঝিনুক



Sea mussel / সামুদ্রিক ঝিনুক



স্ক্যালপ / Sea scallop



Sea scallop / স্ক্যালপ

TUBEWORM
টিউব ওয়ার্ম



Tubeworms are sessile marine invertebrate that live in tubes. These segmented worms secrete calcium carbonate to build a permanent protective tube. They are attached to any available surface such as rocks, clams or even other tubes of worms.

টিউব ওয়ার্ম একধরনের সামুদ্রিক অমেরুদন্ডী প্রাণী যারা কোন কিছুর সাথে লেগে থাকে এবং এক ধরনের টিউব বা নলের ভেতর বাস করে। এদের দেহ খন্ডায়িত। এরা দেহের চারিদিকে ক্যালসিয়াম কার্বোনেটের স্থায়ী ও প্রতিরক্ষামূলক নলাকার আবরন তৈরি করে। এরা কোন কিছুর পৃষ্ঠদেশে যেমন- পাথর, ঝিনুক এমনকি অন্য ওয়ার্মের টিউবের সাথে লেগে থাকে।



Sabellastarte sp.
Feather duster worm / ফেদার ডাস্টার ওয়ার্ম



ফেদার ডাস্টার ওয়ার্ম / *Sabellastarte sp.*
Feather duster worm



Sabellastarte sp.
Feather duster worm / ফেদার ডাস্টার ওয়ার্ম


TUBEWORM / টিউব ওয়ার্ম



ফেদার ডাস্টার ওয়ার্ম / *Sabellastarte spectabilis*
Indian feather duster worm



ক্রিস্টমাস ট্রি ওর্য়ার্ম / *Spirobranchus sp.*
Christmas Tree Worm



Spirobranchus sp.
Christmas tree worm / ক্রিস্টমাস ট্রি ওর্য়াম



FIREWORM

ফায়ার ওয়ার্ম



Fireworm is a marine worm which has segmented, flat and broad body with lots of elaborate hairy bristles along its sides, and a pattern of triangles or spots along the centre of the upper side of the body. The bristles of fireworm are sharp and filled with toxins. These can easily penetrate bare skin and produce intense itching and stinging sensation if touched. This can last for days and even weeks.

ফায়ার ওয়ার্ম একটি সামুদ্রিক কীট যাদের দেহ খন্ডায়িত ও চ্যাপ্টা হয়। এদের প্রশস্ত শরীরের পার্শ্ব বরাবর অসংখ্য লম্বা চুলের মত ছোট লোম বা শুঙ্গ থাকে এবং দেহের পৃষ্ঠভাগের মাঝ বরাবর ত্রিকোণাকৃতির গঠন বা দাগ থাকে। ফায়ার ওয়ার্মের লোম তীক্ষ্ণ হয় এবং এতে একধরনের বিষাক্ত পদার্থ থাকে। এই লোম সহজেই মানুষের ত্বকে প্রবেশ করতে পারে। এই কীট স্পর্শ করলে খুব চুল্কানি এবং যন্ত্রণা অনুভূত হয়।

FIREWORM / ফায়ার ওয়ার্ম



Fireworm / সমুদ্র বিছা বা সমুদ্র ছ্যাঙ্গা



CRAB
কাঁকড়া



Crabs are decapod (means 10 legs) crustaceans of the infraorder Brachyura, which typically have a very short projecting "tail" and a small abdomen, usually entirely hidden under the thorax. Crabs have five pairs of legs. The front pair of chelate legs (claws) are used to catch, chop and crush prey. They typically walk sideways. A Crab's blood is blue due to the copper it contains. Crabs are covered in many tiny 'hairs' called setae, to detect chemicals, touch and movement. Crabs are found in all of the world's oceans, while many crabs live in fresh water and on land, particularly in tropical regions.

কাঁকড়া ব্রাকিউরান অধিপর্বভুক্ত ডেকাপড (দশ পা বিশিষ্ট) ক্রাস্টাশিয়ান। এদের খাটো লেজ এবং প্রসারিত ক্ষুদ্র উদর সাধারনত বুকের নিচে লুকায়িত থাকে। কাঁকড়ার পাঁচ জোড়া পা আছে। সামনের জোড়া পা সাধারনত চিমটাযুক্ত হয় যেটা তারা শিকার ধরতে এবং চুর্ণ করতে ব্যবহার করে। এরা সাধারনত পার্শ্বাভিমুখে হাঁটে। রক্তে কপার থাকার কারণে তাদের রক্ত নীল রঙের হয়। কাঁকড়া সিটি নামক বহু ছোট লোম দিয়ে আবৃত থাকে যা রাসায়নিক দ্রব্য, স্পর্শ এবং চলাফেরা শনাক্ত করতে ব্যবহৃত হয়। কাঁকড়া পৃথিবীর সকল সমুদ্রেই দেখা যায়। অনেক কাঁকড়া স্বাদু পানিতে এবং স্থলেও বাস করে, বিশেষ করে গ্রীষ্মপ্রধান অঞ্চলে।



Scylla sp.
Mud crab / জাতি কাঁকড়া

CRAB / কাঁকড়া



সাঁতারু কাঁকড়া / *Charybdis natator* **Ridged Swimming Crab**



Charybdis lucifera **Yellowish brown crab** / হলদে কাঁকড়া



জাতি কাঁকড়া / *Scylla sp.* **Mud Crab**



Crab / কাঁকড়া



Charybdis natator
Ridged swimming crab / সাঁতারু কাঁকড়া



HERMIT CRAB

শামুক কাঁকড়া



Hermit crabs are called ‘Shamuk Kakra’ or ‘Rishi Kakra’ in Bangla. They are commonly found inhabiting the empty shells of marine snails to protect their soft body. They have to change shells as they grow. They are not considered "true" crabs because of the presence of only three pairs of well-developed leg, and they don't have hard exoskeleton and need to use another shell for protection unlike true crabs. Hermit crabs are scavengers, eating dead animals and whatever else they can find. Hermit crabs often exchange and occasionally fight with other hermit crabs to conquer better shells.

হারমিট ক্র্যাব কে বাংলায় অনেক সময় ‘ঋষি কাঁকড়া’ বা ‘শামুক কাঁকড়া’ বলে। এরা নিজেদের নরম দেহকে রক্ষার জন্য সাধারণত সামুদ্রিক শামুকের ফাঁকা খোলসের ভেতর বাস করে। বৃদ্ধির সাথে সাথে এরা খোলস পরিবর্তন করে। মাত্র তিন জোড়া সুগঠিত পা থাকায় এবং শক্ত বহিঃখোলস না থাকার কারণে এদেরকে প্রকৃত কাঁকড়া হিসেবে বিবেচনা করা হয় না। হারমিট ক্র্যাব আবর্জনাভোজী। এরা মৃত প্রাণী এবং অন্য যেকোন কিছু পেলেই খায়। হার্মিট ক্র্যাব ভালো খোলস পাওয়ার জন্য প্রায়ই খোলস পরিবর্তন করে এবং মাঝে মাঝে অন্য হার্মিট ক্র্যাবের সাথে মারামারি করে।

HERMIT CRAB / শামুক কাঁকড়া



হারমিট ক্র্যাব / Hermit crab



Hermit crab / হারমিট ক্র্যাব



LOBSTER

লবস্টার



Lobsters are marine crustacean with five pairs of legs, the first bearing large pincer like claws of unequal size adapted to crushing the shells of its prey. All are marine, bottom-dwelling, and most are nocturnal. They are highly prized as seafood and are often one of the most profitable commodities in coastal areas. Lobsters can crawl quickly over the ocean floor and swim backward with great speed. Lobsters have blue blood like crab due to the presence of hemocyanin, which contains copper.

লবস্টার পাঁচ জোড়া পা যুক্ত সামুদ্রিক ক্রাষ্টাশিয়া। প্রথম পা-এ বড় সাঁড়াশির মত অসম নখর থাকে যা এরা শিকারের খোলসকে চুর্ণ করতে ব্যবহার করে। এদের সকলেই সামুদ্রিক, তলবাসী এবং অধিকাংশই নিশাচর। লবস্টার উচ্চমূল্যের একটি সামুদ্রিক খাদ্য এবং উপকুলীয় অঞ্চলে অন্যতম লাভজনক বিক্রয় পণ্য। লবস্টার সমুদ্রের তলদেশে দ্রুত হামাগুড়ি দিতে পারে এবং খুব দ্রুততার সাথে উল্টো সাঁতার কাটতে পারে। হিমোসায়ানিন এর উপস্থিতির কারণে লবস্টারের রক্ত কাঁকড়ার মতই নীল হয়।



Panulirus versicolar
Painted spiny lobster / নীলকন্টক লবস্টার



FEATHER STAR

ফেদার স্টার



Feather stars are free-living, but can mostly be seen attached to rocks, coral or any other substrate. They are considered as the most primitive Echinoderms. The arms of the feather star usually are five in numbers having feathery fringes and can be used for swimming. Most feather stars only come out to feed at night. They use their grasping "legs" (called 'Sirri') to perch on sponges, corals, or other substrata. The mouth is located on the top surface and due to a U-shaped gut the anus is just next to the mouth.

ফেদার স্টার মুক্তভাবে চলাচল করতে পারে, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই পাথর, প্রবাল অথবা অন্য কোন বস্তুর সাথে লেগে থাকতে দেখে যায়। ফেদার স্টারকে প্রাচীনতম একাইনোডার্ম হিসেবে ধারণা করা হয় । ফেদার স্টারের সাধারণত পাঁচটি বাহু থাকে যেখানে পালকযুক্ত প্রান্ত বিদ্যমান এবং তা সাঁতার কাটার জন্য ব্যবহৃত হয়। অধিকাংশ ফেদার স্টার রাতে খাবার খেতে বের হয়। এরা স্পঞ্জ, প্রবাল অথবা অন্য বস্তুর উপর বসতে তাদের সুদৃঢ় পা (এদের সিরি বলে) ব্যবহার করে। এদের মুখ দেহের উপরিতলে অবস্থিত এবং ইংরেজি ইউ-আকৃতির অন্ত্র থাকার কারনে তাদের পায়ু ঠিক মুখের পাশেই অবস্থিত।

FEATHER STAR / ফেদার স্টার



Comanthus sp.
Feather star / ফেদার স্টার বা সামুদ্রিক পালক

SEA STAR

সমুদ্র তারা



Sea star, also called starfish, is a marine invertebrate that looks like a star. It consists of a central disk from which usually radiate five tapering arms, but up to 25 in some species. They have tube feet. They can move in any direction by gripping with some of its tube feet. Each of their arm has a short sensory tentacle at the tips that responds to chemicals and vibrations in the water, and enable the starfish to detect odour sources such as food. Some species of starfish have the ability to regenerate lost arms and can regrow an entire new limb if given time. The average lifespan of a sea star is 35 years.

সী স্টার কে বাংলায় 'সমুদ্র তারা' বা 'তারা মাছ' বলা হয়। এরা তারার মত দেখতে অমেরুদন্ডী সামুদ্রিক প্রাণী। তাদের একটি কেন্দ্রীয় চাকতি আছে যেখান থেকে সাধারনত পাঁচটি বাহু বের হয়। কিছু কিছু প্রজাতিতে পঁচিশটি পর্যন্ত বাহু থাকে। তাদের নলের মত পা আছে। তারা তাদের এই নলাকার পা দিয়ে আঁকড়ে ধরে যে কোন অভিমুখে চলাচল করতে পারে। তাদের প্রত্যেকটি বাহুর ডগায় ছোট সংবেদনশীল কর্ষিকা থাকে যা রাসায়নিক পদার্থ ও পানির কম্পনের সাথে সাড়া দেয় এবং ঘ্রাণের উৎস যেমন- খাবার সনাক্ত করতে সক্ষম করে তোলে। কিছু প্রজাতির তারা মাছ ছিঁড়ে যাওয়া বাহু খন্ড অথবা সম্পূর্ণ বাহুকেই পুনরায় গঠন করতে পারে। সী স্টার এর গড় আয়ু ৩৫ বছর।

SEA STAR / সমুদ্র তারা



Nardoa galatheae
Brown meah sea star / সমুদ্র তারা




SEA CUCUMBER

সমুদ্র শসা




Sea cucumbers are named after their resemblance to the fruit of the cucumber plant. Sea cucumbers have soft bodies even though they have some sort of skeleton below the surface of the body. Skeleton usually consists of plates and spines. Many sea cucumbers can expel their internal organs through the anus and grow new ones. Sea cucumbers do not have brain. They breathe via their anus. Locomotion is usually slug like, although some deepwater species can swim. Generally, sea cucumbers are harvested to produce numerous products, including medicines and dietary supplements.

শসার সাথে সাদৃশ্য থাকার কারনে এই প্রাণীর নাম সী কুকুম্বার বা সমুদ্র শসা নামকরন করা হয়েছে। এর দেহ নরম, যদিও তাদের দেহের পৃষ্ঠের নিচে কিছু অস্থি থাকে। এই অস্থি সাধারণত প্লেট এবং স্পাইন দ্বারা গঠিত। অনেক সমুদ্র শসা তাদের অভ্যন্তরীন অঙ্গসমূহ পায়ু পথ দিয়ে বের করে দেয় এবং নতুন করে জন্মায়। সমুদ্র শসার কোন মস্তিষ্ক নেই। তারা তাদের পায়ু দিয়ে নিঃশ্বাস নেয়। তাদের চলন স্লাগ এর মত অতি মন্থর, যদিও কিছু গভীর পানির প্রজাতি সাঁতার কাটতে পারে। সাধারনত বিভিন্ন ধরনের পণ্য যেমন- ঔষধ এবং সম্পুরক খাদ্যবস্তু তৈরী করতে 'সমুদ্র শসা' আহরন করা হয়।



Holothuria leucospilota
Black long sea cucumber/ Black tarzan / কালো সমুদ্র শসা



SEA URCHIN
সী আরচিন



Sea urchins are typically small, rounded, spiny creatures found on shallow rocky marine coastlines. They are known as the porcupines of the sea. Certain species of sea urchins have spikes filled with poison. Their long spines help to protect them from predators. Sea urchins have tubular feet called pedicellariae, which are used for movement. Sea urchins are omnivores. They feed on organic matter in the seabed. They have a skin covering the spines. When a sea urchin dies, the skin decays rapidly and all the spines fall off, leaving only the spherical skeleton, known as 'test' which is made of calcium carbonate.

সী আরচিন সাধারণত ছোট, গোলাকার, কাঁটাযুক্ত প্রাণী। সী আরচিন সমুদ্রের শজারু হিসেবে পরিচিত। কিছু কিছু প্রজাতির কাঁটা বিষ দিয়ে পূণ থার্কে। এদের লম্বা কাঁটা নিজেদেরকে শিকারীর হাত খেকে বাঁচাতে সাহায্য করে। সী আরচিনের পেডিসিলারিয়া নামক নলাকার পা আছে যা তারা চলাফেরা করতে ব্যবহার করে। সী আরচিন সর্বভুক প্রাণী। সী আরচিন সাগরের পাদদেশের জৈব বস্তু খায়। এদের ত্বক আছে যা কাঁটাকে আবৃত করে রাখে। যখন সী আরচিন মারা যায়, ত্বক দ্রুত ক্ষয় হয়ে যায় এবং সকল স্পাইন বা কাঁটা খসে যায়, শুধুমাত্র 'টেস্ট' নামের গোলাকার কঙ্কাল পড়ে থাকে যা ক্যালসিয়াম কার্বনেট দিয়ে তৈরী।

SEA URCHIN / সী আরচিন



Echinometra sp.
Sea urchin / সী আরচিন

FISH
মাছ



Fishes are limbless cold-blooded aquatic vertebrate animal having gills for respiration and fins for locomotion. However, one species of fish has been identified as warm-blooded which is Opah or Moonfish *(Lampris guttatus)*. Fishes were the first vertebrates, appearing more than 500 million years ago. Fish are by far the largest group of vertebrates in terms of both species and abundance. They make up about half of all species of vertebrates on earth. About 24,000 of the at least 30,000 species of fishes are presently known. Most species of fishes, so far around 15,300, are marine. Fish are generally classified as three classes. They are Agnatha (jawless fish), Chondrichthyes (cartilaginous fish) and Osteichthyes (bony fish).

মাছ উপাঙ্গবিহীন শীতল রক্ত বিশিষ্ট জলজ মেরুদন্ডী প্রাণী, যাদের শ্বসনের জন্য ফুলকা এবং চলাফেরার জন্য পাখনা আছে। তবে ওপাহ বা মুনফিশ (*Lampris guttatus*) নামক একটি প্রজাতির মাছ উষ্ণ রক্ত বিশিষ্ট হিসেবে চিহ্নিত করা হয়েছে। মাছ হল পৃথিবীর প্রথম মেরুদন্ডী প্রাণী যার উৎপত্তি ৫০০ মিলিয়ন বছরেরও পূর্বে। প্রজাতির সংখ্যা বা প্রাচুর্যতা দুই ক্ষেত্রেই মাছ হচ্ছে মেরুদন্ডী প্রাণীদের মধ্যে সবচেয়ে বড় দল। পৃথিবীর মেরুদন্ডী প্রাণীদের প্রায় অর্ধেক প্রজাতিই হচ্ছে মাছ। কমপক্ষে মাছের ৩০,০০০ প্রজাতি আছে বলে ধারনা করা হয়, যার মধ্যে প্রায় ২৪,০০০ প্রজাতির কথা এখন পর্যন্ত জানা গেছে। পৃথিবীর অধিকাংশ প্রজাতির মাছ হচ্ছে সামুদ্রিক, যাদের সংখ্যা প্রায় ১৫,০০০ এর মত। মাছকে সাধারণত তিনটি শ্রেণীতে ভাগ করা হয়। যথা- অ্যাগনাথা বা চোয়ালবিহীন মাছ, কনড্রিকথিস বা কোমলাস্থিযুক্ত মাছ এবং অসটিকথিস বা অস্থিযুক্ত মাছ।



Honeycomb moray eel are very attractive, as they are covered in dark spots like a leopard. In fact, some people also refer to this species as the Leopard Moray. The Honeycomb morays are generally seen protruding from a hole or small cave during the day. Moray eels can often be observed with one or several of these cleaner shrimp that comb over their bodies, mouth, and even in between their teeth searching for parasites. The cleaner shrimp clean parasites, insects, algae, etc. off of the eels, making them healthier. In return, the shrimp gets a free meal. Thus, shrimps and moray eels make a mutualistic relationship.

হানিকম্ব মোরে ঈল দেখতে বেশ আকর্ষণীয় হয় কেননা এদের গায়ে চিতা বাঘের মত গাঢ় দাগ থাকে। একারণে অনেকে এই মাছকে চিতাবাঘ মাছ বলে থাকে। এদেরকে দিনের বেলায় সাগর তলায় প্রবাল বা পাথরের গর্তে বা খাঁজে বা ছোট গুহায় মাথা বের করে থাকতে দেখা যায়। মোরে ঈল মাছকে প্রায়শই এক বা একাধিক ক্লিনার শ্রিম্প বা পরিচ্ছন্নকারী চিংড়িসহ দেখা যায় যেখানে চিংড়ি মোরে ঈলের দেহের উপর থেকে, মুখ থেকে এমনকি দাঁতের ফাঁকে পরজীবীর সন্ধান করে। পরিচ্ছন্নকারী চিংড়ি পরজীবী, পোকামাকড়, শৈবাল ইত্যাদিকে মাছের দেহ হতে পরিষ্কার করে মাছকে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর রাখে। বিনিময়ে চিংড়ি তার খাবার পায়। সুতরাং, চিংড়ি এবং মোরে ঈল একে অপরের সাথে মিথোজীবী সম্পর্ক তৈরি করে।



Gymnothorax favagineus
Honeycomb moray eel / চিতাবাঘমাছ



সাগর কাওউন / *Plotosus lineatus*
Striped eel catfish

The body of the striped eel catfish is brown with cream-colored or white longitudinal bands. They swim in school and are rarely ever seen one alone.

সাগর কাওউন মাছের বাদামী রঙের শরীরের ওপর মাথা থেকে লেজ বরাবর আনুভুমিক সাদা দাগ থাকায় দেখতে আকর্ষণীয় লাগে। এ মাছ দলবদ্ধ ভাবে চলাচল করে। এদের কদাচিৎ এককভাবে আলাদা হতে দেখা যায়।



Sargocentron rubrum
Redcoat / রেডকোট

FISH / মাছ

This fish is named lionfish because of its flashy expanded fins with long spines and bright stripes coloration resembling the fish like mane of the majestic lion. In humans, lionfish stings cause intense pain and sweating, and in extreme cases, respiratory distress and paralysis.

এই মাছটির নাম লায়নফিশ বা সিংহ মাছ করা হয়েছে কারণ এর ডোরা দাগযুক্ত উজ্জ্বল রঙের বক্ষ পাখনা ও পৃষ্ঠিয় পাখনার কাঁটা পানিতে এমনভাবে মেলে থাকে যে এদের দেখতে সিংহের কেশরের মত দেখায়। মানুষের শরীরে লায়ন ফিশের কাঁটা ফুটলে অতি যন্ত্রণা হয়। মারাত্নক ক্ষেত্রে শ্বাসকষ্ট ও পক্ষাঘাত হতে পারে।



Pterois miles
Devil firefish / রঙ্গিলা



Pterois sp.
Red lionfish / রঙ্গিলা




রঙ্গিলা / *Pterois volitans*
Red lionfish



Scorpionfish are bottom-dwelling fish. They are also called rockfish or stonefish because they commonly live among rocks near the seafloor. The body of the scorpion fish is often covered with feathery fins that help the fish to camouflage itself into the surrounding coral. The colours and patterns of the scorpionfish are also used to help the fish to hide. These characteristics make them excellent ambush predators in their habitat. The fin spines, with or without venom, can produce deep and painful wounds.

স্করপিওন ফিশ সামুদ্রিক তলবাসী মাছ। এগুলিকে রকফিশ বা স্টোনফিশও বলা হয় কারণ এরা সাধারণত সমুদ্রের তলদেশের কাছাকাছি পাথরের মধ্যে বাস করে। স্করপিওন মাছের দেহটি পালকের মত ছড়ানো পাখনা দিয়ে ঢাকা থাকে যা মাছটিকে আশেপাশের প্রবালের সাথে মিশে থাকতে সাহায্য করে। স্করপিওন মাছের দেহের রঙ এবং দাগের ধরণ মাছটিকে তার পরিবেশে আড়াল করতে সহায়তা করে। স্করপিওন মাছের এই ছদ্মবেশ তাদের আবাসস্থলে নিজেদেরকে ওৎ পেতে থাকা আক্রমণাত্মক শিকারী করে তোলে। এদের বিষযুক্ত বা বিষবিহীন পাখনার কাঁটাগুলি গভীর এবং বেদনাদায়ক ক্ষত তৈরি করতে পারে।



Scorpionfish / স্করপিওন মাছ

FISH / মাছ

Golden Scorpionfish are ambush predators that prey on small fishes and crustaceans and pretty much anything that fits in their mouth. They use their proportionally large mouths to create a vacuum and suck in and swallow the prey.

সোনালী স্করপিওন মাছ শিকারের জন্য ঘাপটি মেরে বসে থাকে। এদের শিকার যেমন- ছোট মাছ, চিংড়ি বা কাঁকড়া এদের মুখের কাছে এলে খপ করে ধরে খায়। এরা এদের অপেক্ষাকৃত বড় মুখ দিয়ে শূন্যস্থান তৈরি করে শিকারকে মুখের ভেতর টেনে নেয় এবং গিলে খায়।



Parascorpaena aurita
Golden scorpionfish / সোনালী স্করপিওন মাছ



Acanthopagrus berda
Goldsilk seabream / কোরাল মাছ

FISH / মাছ



দুইদাগী কারডিনাল ফিশ / *Apogonichthyoides sialis*
Twinbar cardinalfish



Ostorhinchus cookii
Cook's cardinalfish / কারডিনাল ফিশ



কারডিনাল ফিশ / *Lepidamia kalosoma*
Lepidamia kalosoma

Cardinalfishes are mostly small, peaceful, and generally nocturnal. They are mouthbrooding fish. Male fish carry fertilized eggs or young in their mouth to protect them from predation.

অধিকাংশ কার্ডিনাল ফিশ ছোট, শান্তি প্রিয় এবং সাধারণত নিশাচর হয়। শিকারীর হাত থেকে রক্ষা করার জন্য এদের পুরুষ মাছ নিষিক্ত ডিম বা বাচ্চাগুলিকে মুখের ভেতর লালন পালন করে।

FISH / মাছ



রকস্কিপার / *Blenniella periophthalmus* **Blue-dashed rockskipper**



Blenniella periophthalmus **Blue-dashed rockskipper** / রকস্কিপার



ডোরা রকস্কিপার / *Istiblennius dussumieri* **Streaky rockskipper**

Rockskippers are often territorial and like to hide in home burrows or crevices. They have fleshy filaments on the head somewhat whisker-like structures are called cirri.

রকস্কিপাররা প্রায়শই একটি নির্দিষ্ট এলাকার মধ্যে থাকে। এরা গর্ত করে বা ফাটলের মধ্যে থাকতে পছন্দ করে। এদের মাথায় মাংসল সুতার মত গঠন থাকে যাকে সিরি বলে।



হলদে-লেজি ফুসিলার / *Caesio cuning*
Redbelly yellowtail fusilier

FISH / মাছ



হলুদ প্রজাপতি মাছ / *Chaetodon decussatus*
Vagabond butterflyfish

Chaetodon octofasciatus
Eightband butterflyfish / আটদাগী প্রজাপতি মাছ





ডোরাকাটা প্রজাপতি মাছ / *Heniochus acuminatus*
Pennant coralfish

Butterfly fishes are named because they are bright and colorful, with patterns on their bodies similar to butterflies. Butterfly fishes are an indicator of healthy coral reef.

এদের বাটারফ্লাই ফিশ বা প্রজাপতি মাছ নামকরণের কারণ হল এরা উজ্জল ও রঙিন হয় এবং এদের দেহের আকৃতি প্রজাপতির মতই প্রশস্থ। কোন প্রবাল দ্বীপে এই মাছের উপস্থিতি স্বাস্থ্যকর পরিবেশ নির্দেশ করে।




টেইরা ব্যাটফিশ / *Platax teira*
Teira batfish

FISH / মাছ



মুরাল গোবি / *Valenciennea muralis*
Mural goby



Istigobius ornatus
Ornate goby / অর্নেট গোবি



মাউদি শ্রিম্পগোবি / *Cryptocentrus maudae*
Maude's shrimpgoby

Maude's Shrimpgoby is a coral-dwelling fish. It lives in homing burrows of alpheid shrimp in the sea bed. This shrimp cannot detect its predators well due to poor-eye sight. If keen-eyed shrimpgoby detects predator, it shivers posterior part of the body to alert the shrimp to hide. The goby may also block shrimp's exit in the burrow.


মাউদি শ্রিম্পগোবী প্রবাল অঞ্চলে বসবাসকারী একটি মাছ। এটি আলফেইড চিংড়ির তৈরি বাসার গর্তে বাস করে। এই চিংড়ি তার স্বল্প দৃষ্টি শক্তির কারণে শিকারীকে ভালভাবে দেখতে পায় না। অন্যদিকে তীক্ষ্ণ দৃষ্টির শ্রিম্পগোবি যখন কোন শিকারীকে দেখে তখন সে তার দেহের লেজের অংশ নাড়িয়ে আলফেইড চিংড়িকে লুকিয়ে পড়ার জন্য সাবধান করে; এমনকি গোবি গর্তের মুখ আটকে দেয়।



বঙ্গীয় হগফিশ / *Bodianus neilli*
Bay of Bengal hogfish



ক্লিনারফিশ / *Halichoeres hortulanus*
Checkerboard wrasse



Halichoeres nigrescens
Bubblefin wrasse / ক্লিনারফিশ



ক্লিনারফিশ / *Labroides dimidiatus*
Bluestreak cleaner wrasse

Cleaner wrasse or cleaner fish feeds on dead tissue and scales of other fish that have ectoparasites. Thus, the wrasse gets food and protection, and other fish gets considerable health benefits. There are wrasse cleaning stations at coral reefs and other fish wait here for wrasse to swim into their open mouths and gill cavities in order to remove parasites.

ক্লিনার র‍্যাসে বা ক্লিনার ফিশ অন্য মাছের ত্বকের মরা কোষ ও আঁইশ খায় যেখানে বিভিন্ন ধরনের পরজীবী থাকে। এভাবে ক্লিনারফিশ খাদ্য ও আবাসন পায় এবং অন্য মাছ ভাল স্বাস্থ্যগত সুবিধা পায়। কোরাল রীফ অঞ্চলে ক্লিনার ফিশের কিছু পরিষ্কারক স্টেশন থাকে। অন্য মাছ ক্লিনার ফিশের জন্য সেখানে অপেক্ষা করে কখন ক্লিনার ফিশ এসে তাদের খোলা মুখ ও ফুলকার ছিদ্র হতে পরজীবী অপসারণ করবে।



ট্যাক চান্দা / *Leiognathus daura*
Goldstripe pony fish



Lutjenus sp.
Snapper / কোরাল মাছ

FISH / মাছ

All goatfish have a pair of retractable barbels that have sensory organs to chemically detect prey. Freckled goatfish normally have a silver background with a brown stripe which runs from the mouth to the middle of the caudal fin through eye. When they settle on the bottom they can put up a series of black bars across the body and fins or lighten their body if necessary to match the bottom.

সকল ছাগল মাছের এক জোড়া সংকোচনীয় দাড়ি বা শুঁড় আছে যা সংবেদনশীল অঙ্গ হিসেবে শিকারকে রাসায়নিকভাবে সনাক্ত করতে পারে। সাধারণভাবে ফ্রিকল ছাগল মাছে রুপালি দেহের ওপর মুখ হতে লেজ বরাবর চোখের উপর দিয়ে টানা বাদামী দাগ থাকে। যখন এই মাছ পানির তলদেশের মাটির ওপর গিয়ে বসে তখন তলদেশের রঙের সাথে মিলিয়ে এদের দেহ ও পাখনার ওপর অনেক কাল কাল দাগ তৈরি হয় অথবা প্রয়োজনে দেহ উজ্জ্বলও হতে পারে।




Upeneus tragula
Freckled goatfish / ছাগল মাছ



Monodactylus argenteus
Silver moony / রুপালি চান্দা



ব্রীম / *Scolopsis vosmeri*
Whitecheek monocle bream



Pempheris malabarica
Sweeper / সুইপার



স্যান্ডপার্চ / *Parapercis clathrata*
Latticed sandperch



Pomacanthus annularis
Blue ring angelfish / নীল বলয় দুধকমল



Pomacanthus sexstriatus
Sixbar angelfish / ছয়দাগী দুধকমল

FISH / মাছ



পাথারি / *Abudefduf septemfasciatus*
Banded sergeant



Abudefduf sordidus
Blackspot sergeant / পাথারি



ড্যামসেল মাছ / *Pomacentrus sp.*
Damselfish

Damselfishes are lively and quick, and are usually strongly territorial and aggressive. Most damselfish species have bright colors or strongly contrasting patterns. Generally they are distinguished from each other based on their coloration. Many of those are kept as marine aquarium pets.

ড্যামসেল মাছ অত্যন্ত প্রাণবন্ত হয় ও বেশ ছুটাছুটি করে। এদের প্রত্যেকের একটি নিজস্ব বিচরণক্ষেত্র থাকে এবং এরা আক্রমণাত্মক হয়। অধিকাংশ ড্যামসেল মাছের প্রজাতির দেহে বিদ্যমান রঙের মধ্যে এমন বৈচিত্র্য থাকে যে এদেরকে উজ্জল রঙের দেখায়। সাধারণত এদের রঙের উপর ভিত্তি করে এদের প্রজাতিগুলোকে আলাদা করা হয়। এদের অনেককে সামুদ্রিক অ্যাকুরিয়ামে প্রদর্শনীর জন্য পালন করা হয়।



মুদ্ধা / *Pomacentrus tripunctatus*
Threespot damsel

Pomacentrus similis
Similar damsel / সিমিলিয়ার ড্যামসেল মাছ





ওয়েস্টার্ন গ্রেগোরী / *Stegastes obreptus*
Western gregory

Pomacentrus adelus
Obscure damsel / অবসকিউর ড্যামসেল মাছ





কলম্বো ড্যামসেল মাছ / *Pomacentrus proteus*
Colombo damsel




Pomacentrus proteus
Colombo damsel / কলম্বো ড্যামসেল মাছ



নীলদাগী বোল / *Cephalopholis formosa*
Blue line grouper or bluelined hind




Cephalopholis formosa
Blue line grouper or bluelined hind / নীলদাগী বোল



মেঘ বোল / *Epinephelus erythrurus*
Cloudy grouper



Cromileptes altivelis
Humpback grouper / খইবাই



জাভা স্পাইনফুট / *Siganus javus*
Java spinefoot



Sphyraena sp.
Barracuda / বারাকুডা



Flat fish and sand diver *(Trichonotus sp.)*
পাতা মাছ এবং স্যান্ড ডাইভার

Sand divers are found mainly on sandy bottoms around reefs. Sand divers either prop themselves up on their pectoral fins or bury themselves in the sands. Thus, they perfectly camouflage themselves and wait for a smaller fish or crab to go so that they can snap it up.

স্যান্ড ডাইভার মাছ সাধারণত প্রবাল অঞ্চলে সমুদ্রের বালুময় তলদেশে বাস করে। এই মাছ বক্ষ পাখনার উপর ভর করে বালুর উপর বসে থাকে অথবা পাথর বা প্রবালের আশেপাশে বালুর ভেতর ঢুকে থাকে। এভাবে এই মাছ নিজেকে পরিবেশে লুকিয়ে রাখে এবং কোন ছোট মাছ বা চিংড়ি পাশ দিয়ে গেলে খপ করে ধরে ফেলে।

FISH / মাছ

Porcupinefish has spines all over its body like porcupine to protect itself from predators. In case of danger, the porcupinefish can inflate itself like a balloon almost 2-3 times of their normal size by swallowing water or air and raising its spines.

শজারু মাছের সমস্ত দেহ জুড়ে শজারুর মতই কাঁটা থাকে যা তাকে শিকারীর হাত থেকে রক্ষা করে। বিপদ দেখলে এই মাছ পানি বা বাতাস গলাধঃকরণ করে নিজ দেহকে বেলুনের মত ফুলিয়ে ২-৩ গুন বড় করতে পারে এবং দেহের উপরের কাঁটাগুলোকে খাড়া করে ফেলে।




Diodon hystrix
Spot-fin porcupinefish / শজারু পটকা

FISH / মাছ

Seahorses are tiny fishes that are named based on the shape of their head, which looks like the head of a tiny horse. A mother seahorse lays dozens, sometimes hundreds of eggs in a pouch on the male seahorse's abdomen called a 'brood pouch'. It resembles a kangaroo's pouch for carrying the young.

ঘোড়া মাছ হল ছোট একধরনের মাছ যার নামকরণ করা হয়েছে এর মাথার আকৃতির উপর ভিত্তি করে, যা দেখতে একটি ছোট ঘোড়ার মাথার মত। একটি মা ঘোড়ামাছ পুরুষ মাছের পেটের থলের মধ্যে কয়েক ডজন, এমনকি অনেক সময় কয়েকশ ডিম পাড়ে। পুরুষ মাছের উদরের এই থলে দেখতে অনেকটা ক্যাঙ্গারুর শাবক থলের মত।



ঘোড়া মাছ / *Hippocampus kuda* **Spotted seahorse**



Hippocampus kuda **Spotted seahorse** / ঘোড়া মাছ



Hippocampus kuda
Spotted seahorse / ঘোড়া মাছ

SEA TURTLE

সামুদ্রিক কচ্ছপ



Sea turtles are large, air-breathing reptiles that inhabit tropical and subtropical seas throughout the world. Their bodies are enclosed by an armor-like shell, or carapace. Unlike land tortoises and turtles, sea turtles cannot retract their heads into the shell. Sea turtles, depending on the species, may eat seagrasses, algae, sponges, squid, shrimp, crabs, jellyfish, cuttlefish or sea cucumbers. Their legs, particularly the larger forelimbs, are modified into flippers for swimming. From oceanic feeding area mature adults migrate towards the offshore area for matting where they were born. This migration can be thousands of kilometers. Female turtles dig a nest in the sand on beach at night and lay 50-200 eggs in their nests. Then they fill in the nest with sand and return to the water. Eggs will hatch within about 7-12 weeks. Baby turtles usually hatch at night, though some will also come out during the day. Finally, the baby turtles make their way to the surface of the sand and heads to the water. Sea turtles live longer than 70 years.

সামুদ্রিক কচ্ছপ বড়, বায়ুশ্বসনকারী সরীসৃপ যা পৃথিবীর গ্রীষ্মমন্ডলীয় এবং উপ-গ্রীষ্মমন্ডলীয় সমুদ্রে বাস করে। এদের দেহ একটি বর্মের মতো খোল বা ক্যারাপেস দ্বারা ঢাকা থাকে। স্থল কচ্ছপের মত সামুদ্রিক কচ্ছপ খোল বা ক্যারাপেসের মধ্যে মাথা ঢুকিয়ে ফেলতে পারে না। প্রজাতি ভেদে এরা সামুদ্রিক ঘাস, শৈবাল, স্পঞ্জ, স্কুইড, চিংড়ি, কাঁকড়া, জেলিফিশ, কাটল ফিশ বা সী কুকুম্বার খায়। তাদের পা বিশেষ করে বড় সম্মুখের পা দুটি সাঁতার কাটার সুবিধার্তে চ্যাপ্টা বৈঠার আকারে পরিবর্তিত হয়। উন্মুক্ত সমুদ্র অঞ্চল থেকে প্রাপ্তবয়স্ক কচ্ছপেরা প্রজননের জন্য সেই উপকূল তীরবর্তী অঞ্চলের দিকে পাড়ি দেয় যেখানে তারা জন্মগ্রহণ করেছিল। এই ভ্রমন হাজার কিলোমিটারও হতে পারে। মা কচ্ছপেরা রাতে সৈকতের বালিতে বাসা বাঁধে এবং বাসায় ৫০ থেকে ১০০ টি ডিম দেয়। তারপর তারা বালু দিয়ে বাসাটি ঢেকে দেয় ও জলে ফিরে আসে। ডিমগুলি প্রায় ৭-১২ সপ্তাহের মধ্যে ফুটে । সাধারনত রাতের বেলায় ডিম ফুটে শিশু কচ্ছপগুলি বের হয়, যদিও কিছু কিছু দিনের বেলায়ও বেরিয়ে আসে। পরিশেষে, নতুন জন্ম নেয়া কচ্ছপ ছানাগুলো বালির উপর দিয়ে হেঁটে হেঁটে সমুদ্রের জলে নেমে যায়। সামুদ্রিক কচ্ছপ ৭০ বছরেরও অধিকাল বাঁচে।

SEA TURTLE / সামুদ্রিক কচ্ছপ













Sea turtle / সামুদ্রিক কচ্ছপ

SEAWEED
সামুদ্রিক শৈবাল



'Seaweeds' or 'marine macroalage' are a group of predominantly aquatic photosynthetic plant like organisms that generally live attached to rock or other hard substrata in coastal areas. They are sometimes called sea vegetables. They look like plant but do not have the same advanced structures seen in plants such as roots, stems and leaves. The only similarity between seaweed and land plants is that both rely on sunlight to create energy through photosynthesis. There are three types of seaweeds. They are green algae, brown algae and red algae. It is not always easy to recognize these groups by their color in nature because the proportion of chlorophyll and other pigments can vary. They are a food source for ocean life. A number of seaweed species are edible, and many are also of commercial importance to humans.


সী উইড বা সামুদ্রিক শৈবাল (ম্যাক্রোঅ্যালজি) হচ্ছে প্রধানত সালোকসংশ্লেষণে অংশগ্রহণকারী একদল উদ্ভিদ সদৃশ জলজ জীব, যারা সাধারণত পাথর বা অন্য কোন শক্ত বস্তুর সাথে লেগে থাকে। এদেরকে অনেক সময় সামুদ্রিক সবজি বলা হয়। এরা উদ্ভিদের মত দেখতে হলেও উদ্ভিদের ন্যায় এদের উন্নত গঠন যথা মূল, কান্ড ও পাতা নেই। সামুদ্রিক শৈবাল ও উদ্ভিদের মধ্যে একমাত্র মিল হচ্ছে এরা উভয়ই সূর্যালোক ব্যবহার করে সালোকসংশ্লেষণের মাধ্যমে শক্তি উৎপন্ন করে। তিন ধরনের সামুদ্রিক শৈবাল সাগরে পাওয়া যায়। তারা হল সবুজ শৈবাল, বাদামী শৈবাল ও লাল শৈবাল। শুধুমাত্র রং দেখে এদের চেনা অনেক সময় সহজ হয় না। কারণ এদের দেহবর্ণ সৃষ্টিকারী ক্লোরোফিল ও অনান্য রঞ্জক পদার্থের পরিমান দেহে সবসময় সমান অনুপাতে থাকে না। সামুদ্রিক শৈবাল অনেক সমুদ্রিক জীবের খাদ্যের উৎস। কিছু সী উইড প্রজাতি খাওয়া যায়। এদের অনেকগুলো আবার বিভিন্ন কারণে বাণিজ্যিকভাবে মানুষের কাছে গুরুত্বপূর্ণ।



লাল শৈবাল / *Vanvoorstia coccinea*
Red algae



Vanvoorstia coccinea
Red algae / লাল শৈবাল




লাল শৈবাল / *Acanthophora sp.*
Red algae



Tricleocarpa cylindrica
Red algae / লাল শৈবাল



লাল শৈবাল / Liagora sp.
Red algae



Liagora sp.
Red algae / লাল শৈবাল



Halymenia sp.
Halymenia seaweed / হালিমেনিয়া সী উইড


SEAWEED / সামুদ্রিক শৈবাল



হালিমেনিয়া সী উইড / *Halymenia sp.* **Halymenia seaweed**



হালিমেনিয়া সী উইড / *Halymenia sp.* **Halymenia seaweed**




Halymenia sp. **Halymenia seaweed** / হালিমেনিয়া সী উইড

SEAWEED / সামুদ্রিক শৈবাল



লাল শৈবাল / *Dudresnaya sp.*
Red algae


Hypnea sp.
Red algae / লাল শৈবাল





লাল শৈবাল / *Asparagopsis sp.*
Red algae

Red algae / লাল শৈবাল





লাল শৈবাল / Red algae



সবুজ শৈবাল / *Caulerpa sp.* **Green algae**



সবুজ শৈবাল / *Caulerpa sp.* **Green algae**



Caulerpa sp. **Green algae** / সবুজ শৈবাল



সবুজ শৈবাল / *Dictyota sp.*
Green algae



Dictyota sp.
Green algae / সবুজ শৈবাল


SEAWEED / সামুদ্রিক শৈবাল




সবুজ শৈবাল / *Dictyota sp.* **Green algae**



Dictyota sp. **Green tlgae** / সবুজ শৈবাল



ময়ুর লেজ / *Padina sp.* **Peacock's tail**



Padina sp. **Peacock's tail** / ময়ুর লেজ



ময়ুর লেজ / *Padina sp.* **Peacock's Tail**



Sargassum sp.
Green algae / সবুজ শৈবাল



সমুদ্র আঙ্গুর / Sea grapes

UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND, BANGLADESH



Bangladesh, a gorgeous fairy in the world, is wearing a Jingle bell anklet which is the Saint Martin's Island. The colorful reef creatures such as corals, fish, sponges, sea anemones, sea fans, snails, bivalves, seaweeds, etc. living beneath the water in this island are each of the jingling bells of this anklet.

বাংলাদেশ পৃথিবীর এক অপরূপা পরী, যার পায়ে পরা আছে মিষ্টি ঝুনুঝুনু শব্দে বাজা নুপুর। আর এই নুপুরটি হচ্ছে সেন্টমার্টিন দ্বীপ। এই প্রবাল দ্বীপের জলে বসবাস করা রঙ্গীন জীবকুল যেমন- প্রবাল, মাছ, স্পঞ্জ, সী অ্যানিমন, সী ফ্যান, শামুক, ঝিঁনুক, সামুদ্রিক শৈবাল ইত্যাদি হচ্ছে এই নুপুরের একেকটি সুর ঘন্টি।



UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা






UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা

THREATS TO SAINT MARTIN'S ISLAND
সেন্ট মার্টিনে প্রতিবেশের হুমকি



UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা

THREATS TO SAINT MARTIN'S ISLAND
সেন্ট মার্টিনে প্রতিবেশের হুমকি




Pollution
The island is being littered with marine debris, plastic packages, food wraps and tin can discarded by hundreds of tourists daily. Other reasons are waste and sewerage by hotel and local inhabitants.

দূষণ
প্রতিদিন শত শত পর্যটক দ্বীপটিতে প্লাস্টিকের প্যাকেট, খাবারের মোড়ক ও টিনের ক্যান ফেলে এবং সেই সাথে সামুদ্রিক ধ্বংসাবশেষও দ্বীপে জমা হচ্ছে। এভাবে দূষণ ঘটছে। দূষণের আরও অন্যান্য কারণ হলো হোটেল এবং স্থানীয় বাসিন্দাদের তৈরি বর্জ্য এবং নর্দমার ময়লা।



Extraction of coral and other resources
Harvesting of live corals, mollusk and mollusk shell from inter-tidal and sub-tidal zone are big threats for the island.

প্রবাল এবং অন্যান্য সম্পদ আহরণ
আন্ত জোয়ার অঞ্চল এবং উপ-জোয়ার অঞ্চল থেকে প্রবাল, শামুক, ঝিনুক এবং এদের খোলস সংগ্রহ এই দ্বীপের জন্য বড় হুমকি।



Anchoring of boats
Anchoring of many small boats are damaging the coral reefs. While pulling up the metal made anchors, the coral is broken into pieces.


নৌকা নোঙ্গর করা
অনেক ছোট ছোট ইঞ্জিন নৌকা নোঙ্গরের ফলে প্রবাল প্রাচীরের ক্ষতি হচ্ছে। ধাতব নোঙ্গরগুলি টানার সময় প্রবাল ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যায়।




Discarded fishing net
When the local people catch fish near the island, they damage and disturb coral beds to save their nets from getting stuck in coral. Often the discarded fishing nets (called 'Ghost Net') wraps around coral and cause damage and bleaching. Sea turtles and other marine lives are also entangled into fishing net and die.

মাছ ধরার জাল
স্থানীয় লোকেরা যখন দ্বীপের কাছাকাছি মাছ ধরেণ তখন তারা তাদের জালগুলিকে প্রবালে আটকে যাওয়ার হাত থেকে রক্ষ করার জন্য প্রবাল ক্ষতিগ্রস্থ করে। প্রায়শই ফেলে দেওয়া মাছ ধরার জাল (যাকে অনেক সময় ভুতুড়ে জাল বলে) প্রবালে জড়িয়ে প্রবালকে ক্ষতিগ্রস্থ করে এবং কোরাল ব্লিচিং ঘটায়। সামুদ্রিক কচ্ছপ এবং অন্যান্য সামুদ্রিক জীবও মাছ ধরার জালে জড়িয়ে মারা যায়।

THREATS TO SAINT MARTIN'S ISLAND
সেন্ট মার্টিনে প্রতিবেশের হুমকি





Excessive and unplanned tourism

Thousands of visitors come to Saint Martin's Island every year especially in winter. Construction of buildings for hotels and restaurants for tourists are making threats to the island's biodiversity. There are regular ship services and engine boats used for carrying tourists to the island. Consequently, a huge amount of crude oil, plastic and other non-biodegradable wastes are discharged in the marine water of the island.

অতিরিক্ত ও অপরিকল্পিত পর্যটন

প্রতি বছর বিশেষ করে শীতে হাজার হাজার পর্যটক সেন্ট মার্টিন দ্বীপে আসেন। পর্যটকদের জন্য হোটেল এবং রেস্তোঁরা বিল্ডিং নির্মাণ দ্বীপের জীববৈচিত্র্যের জন্য হুমকি তৈরি করছে। দ্বীপে পর্যটকদের বহন করার জন্য নিয়মিত জাহাজ এবং ইঞ্জিন চালিত নৌকা চলাচল করে। ফলস্বরূপ, দ্বীপের সামুদ্রিক জলে প্রচুর পরিমাণে অপরিশোধিত তেল, পাস্টিক এবং অন্যান্য নন-বায়োডেগ্রেডেবল বর্জ্য নির্গত হয়।





Climate change and coral bleaching

Due to climate change, the planet gets warmer, glaciers melt, causing sea level to rise and oceans are growing more acidic. As a result, corals are predicted to end up deeper underwater, receive less sunlight and grow more slowly. Most corals have a narrow temperature tolerance. When ocean water gets too warm, corals become stressed and coral polyps expel the symbiotic algae (i.e. zooxanthellae) that live inside them. When corals lose their algae, they not only lose their color (i.e. coral bleaching by turning white) but also their built-in food source. Outbreaks of coral disease typically follow bleaching events since stressed corals are more susceptible to infection.

জলবায়ু পরিবর্তন ও কোরাল ব্লিচিং

জলবায়ু পরিবর্তনের কারণে পৃথিবীর উষ্ণতা বেড়ে যাচ্ছে, হিমবাহগুলি গলে যাচ্ছে, যার ফলে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে এবং সমুদ্রের পানির অম্লতা বৃদ্ধি পাচ্ছে। ফলস্বরূপ, প্রবাল সমুহ অধিকতর পানির গভীরতায় চলে যাওয়ার সম্ভাবনা দেখা দিচ্ছে। এতে করে সমুদ্রে প্রবাল সমুহ কম সূর্যের আলো পাবে এবং অতিধীর গতিতে বৃদ্ধি পাবে। বেশির ভাগ প্রবাল কম পরিসরের তাপমাত্রা সহ্য করতে পারে। যখন সমুদ্রের পানি গরম হয়ে যায়, সমুদ্রের প্রবাল সমূহ অধিক পীড়নের সম্মুখীন হয়। ফলে প্রবাল পলিপগুলি তাদের মধ্যে থাকা মিথোজীবি শৈবাল (অর্থাৎ জুওজ্যানথেলি) দেহাভ্যন্তর হতে বের করে দেয়। যখন প্রবালগুলি তাদের এই শৈবাল গুলি হারাতে থাকে তখন তারা যে কেবল তাদের রঙই হারায় তা নয় সে সাথে তাদের খাদ্যের উৎসও হারায়। প্রবালের এই রং হারিয়ে সাদা রঙ ধারন করাকে কোরাল ব্লিচিং বলে। কোরাল ব্লিচিং ঘটলে প্রবাল সমুহ অধিকতর পীড়নের সম্মুখীন হওয়ার ফলে সহজেই রোগাক্রান্ত হয়।



RESEARCH ACTIVITIES

গবেষণা কার্যক্রম

UNDERWATER
CITIZENS OF
SAINT MARTIN'S
ISLAND
BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা







UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা




RESEARCH ACTIVITIES / গবেষণা কার্যক্রম






UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা

RESEARCH ACTIVITIES / গবেষণা কার্যক্রম

In this picture (from left): **Dr. Choong-Gon Kim, Dr. Jung-Goo Myoung, Dr. Kazi Ahsan Habib, Mr. Asif Wares Newaz and Mr. Yoon Hyuksoon**







UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা

RESEARCH ACTIVITIES / গবেষণা কার্যক্রম

In this picture (from left): **Sharif Sarwar, Hossain Sohel & S.M. Atiqur Rahman**










UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH


সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা



UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা





The picture of left page has been drawn by **Sultana Esaba Nayar,** a 12-year old child with autism. Although autistic children are generally seen as 'disable', they are 'differently able' indeed. Even they can be extraordinary if they are provided with suitable environment. This underwater picture is one of the bright examples. Let's get them into the mainstream of the society rather than keeping them aloof.

বাম পাশের ছবিটি **সুলতানা ইসাবা নায়ার** নামের ১২ বছর বয়েসের একজন অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন শিশু কর্তৃক অঙ্কিত। যদিও অটিস্টিক শিশুদেরকে সাধারনত 'অক্ষম' হিসাবে দেখা হয়, কিন্তু প্রকৃত পক্ষে তারা 'ভিন্নভাবে সক্ষম'। এমন কি যথাযথ পরিবেশ পেলে তারা সাধারণকে ছাড়িয়ে হতে পারে অসাধারণ। সাগরতলের এই ছবিটি তারই একটি উজ্জল দৃষ্টান্ত। আসুন অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন শিশুদের দূরে না রেখে সমাজের মুল স্রোতধারায় নিয়ে আসি।

UNDERWATER CITIZENS OF SAINT MARTIN'S ISLAND BANGLADESH

সেন্ট মার্টিন দ্বীপে সাগরতলের বাসিন্দা



ABOUT LEAD AUTHOR

Dr. Kazi Ahsan Habib is a Professor and Chairman of the Department of Fisheries Biology and Genetics at the Faculty of Fisheries, Aquaculture and Marine Science in Sher-e-Bangla Agricultural University (SAU), Dhaka, Bangladesh. He is also serving as the Dean of the Faculty. He is the director of Aquatic Bioresource Research Lab. (ABR Lab) at SAU.

His research interests include marine biodiversity, DNA taxonomy, population genomics, phylogeography and conservation biology of aquatic organisms. He has been engaged in execution of several national and international research projects and scientific programs including census of aquatic life and ecosystem boundary delineation of Saint Martin's Island and Sundarbans wetland; cataloging coastal fisheries resources of Bangladesh through DNA barcoding; monitoring, conservation and population genetics of shark and rays of Bangladesh, and ocean literacy movement in Bangladesh. He also served as the expert member of the national technical committee of 'Nujhum Deep' marine protected area (MPA).

Prof. Habib has published about 50 research articles in different peer reviewed national and international journals beside a number of scientific popular articles. He is also the author of four textbooks and three scientific books. He participated in a number of national and international conferences at home and abroad, and presented his research works and delivered keynote speeches. He is also the life member of different professional societies including Bangladesh Fisheries Research Forum (BFRF), Oceanographic Society Bangladesh (OSB), Zoological Society of Bangladesh (ZSB), Krishibid (Agriculturist) Institution of Bangladesh (KIB), Bangladesh Barcode of Life (BdBOL) network and Ocean Literacy Network in the Bay of Bengal region, and he is actively involved with the activities of these associations.

Prof. Habib graduated and received B.Sc. Fisheries and M.S. in Aquaculture from Bangladesh Agricultural University (BAU), and obtained Ph.D. in Marine Biology at the Korea Institute of Ocean Science and Technology (KIOST) under the University of Science and Technology (UST), South Korea.

Prof. Habib is the eldest son of Mrs. Hasina Azad and Late. Prof. Dr. Azad F. M. Sharfuddin, Former Head, Department of Horticulture, Bangladesh Agricultural University, Mymensingh.

প্রধান লেখকের সংক্ষিপ্ত পরিচিতি

ড. কাজী আহসান হাবীব বাংলাদেশের ঢাকায় অবস্থিত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি) এর ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদের ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগের অধ্যাপক এবং চেয়ারম্যান। তিনি উক্ত অনুষদের ডিনের দায়িত্বও পালন করছেন। তিনি একই সাথে শেকৃবির একোয়াটিক বায়োরিসোর্স রিসার্চ ল্যাব (এবিআর ল্যাব) এর পরিচালক।

তাঁর গবেষণার বিষয়গুলির মধ্যে রয়েছে সামুদ্রিক জীববৈচিত্র্য, ডিএনএ টেক্সোনমি, পপুলেশন জেনেটিক্স, ফাইলোজিওগ্রাফি এবং জলজ জীবের কনজারভেশন বায়োলজি। তিনি বাংলাদেশের সুন্দরবন ও সেন্ট মার্টিন দ্বীপের জলজ জীববৈচিত্র্য জরীপ ও বাস্তুসংস্থানের সীমানা নির্ধারণ, ডিএনএ বারকোডিংয়ের মাধ্যমে বাংলাদেশের উপকূলীয় মৎস্য সম্পদসমূহের তালিকাভুক্তকরণ, বাংলাদেশের হাঙ্গর ও শাপলা পাতা জাতীয় মাছের পর্যবেক্ষণ, সংরক্ষণ ও পপুলেশন জেনেটিক্স, বাংলাদেশে সমুদ্র সাক্ষরতা আন্দোলন সহ বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা প্রকল্প এবং বৈজ্ঞানিক কর্মসূচি পরিচালনায় যুক্ত রয়েছেন। তিনি বাংলাদেশ সরকারের 'নিঝুম দ্বীপ' সামুদ্রিক সুরক্ষিত অঞ্চল (এমপিএ) স্থাপনের জাতীয় কারিগরি কমিটির বিশেষজ্ঞ সদস্য হিসাবেও কাজ করেছেন।

বিভিন্ন বৈজ্ঞানিক জনপ্রিয় নিবন্ধের পাশাপাশি অধ্যাপক হাবীব বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রায় ৫০টি গবেষণা নিবন্ধ প্রকাশ করেছেন। তিনি চারটি পাঠ্যপুস্তক এবং তিনটি বৈজ্ঞানিক বইয়েরও লেখক। তিনি দেশে এবং বিদেশে বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলনে অংশ নিয়ে তার গবেষণা কাজ এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেছেন। তিনি বাংলাদেশ মৎস্য গবেষণা ফোরাম (বিএফআরএফ), ওশানোগ্রাফিক সোসাইটি অব বাংলাদেশ, জুওলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি), বাংলাদেশ বারকোড অফ লাইফ (বিডিবল) নেটওয়ার্ক, বঙ্গোপসাগর অঞ্চলে সমুদ্র সাক্ষরতা নেটওয়ার্ক সহ বিভিন্ন পেশাভিত্তিক সমিতির আজীবন সদস্য এবং এসকল সংগঠনের বিভিন্ন কর্মকাণ্ডের সাথে জড়িত।

অধ্যাপক হাবীব বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে ফিশারিজ বিষয়ে স্নাতক ও একোয়াকালচার বিষয়ে স্নাতকোত্তর, এবং দক্ষিণ কোরিয়ার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধীনে কোরিয়া ইনস্টিটিউট অব ওশান সায়েন্স এন্ড টেকনোলজি (কিওস্ট) থেকে মেরিন বায়োলজি বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন।

অধ্যাপক হাবীব এর মাতা হাছিনা আজাদ একজন সুগৃহিণী এবং তার পিতা মরহুম অধ্যাপক ড. আজাদ এফ. এম. শরফুদ্দিন, সাবেক বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মসিংহ।

PUSTANI- Backside 2nd Page

PUSTANI- Backside 3rd Page

Adventure into lively coral reef and colorful reef fishes through underwater diving is really a thrilling experience. It cannot be compared with any type of exploratory experience gained on the earth. Even it gives more excitement and mystical experience than seeing beauties of the surrounding nature from the top of the mountains.

সাগরের তলদেশে প্রাণবন্ত প্রবাল প্রাচীর এবং এতে বসবাসকারী রঙ্গীন মাছগুলোর নিকট ডুবুরীর দুঃসাহসিক অভিযান যেন এক রোমাঞ্চকর অভিজ্ঞতা। পৃথিবীর অন্য যেকোন অনুসন্ধানমূলক অভিজ্ঞতার সাথে এই অভিজ্ঞতার তুলনা হয় না। এমনকি এটি পাহাড়ের চূড়া থেকে চারিপার্শ্বের প্রাকৃতিক সৌন্দর্য্য অবলোকনের চেয়েও অধিক উত্তেজনা এবং রহস্যময় অভিজ্ঞতা দেয়।



Underwater Citizens of
Saint Martin's Island, Bangladesh

978-984-35-0571-2